

ঢাবি শিক্ষার্থীদের নৈতিক-মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ করতে ২ কমিটি

ঢাবি প্রতিনিধি

০২ নভেম্বর ২০২৫, ০৮:৩৬ পিএম



সমাজে নৈতিক ও মানবিক মূল্যবোধের অবক্ষয়ের প্রেক্ষাপটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নৈতিক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ করার লক্ষ্যে নৈতিকতা ও মানবিক মূল্যবোধ শিক্ষা বিষয়ক কোর্স চালু এবং এ বিষয়ে কর্মশালা আয়োজনের জন্য পৃথক দুটি কমিটি গঠন করা হয়েছে।

রবিবার (২ নভেম্বর) সিভিকিট সভার সিদ্ধান্তের আলোকে এ দুই কমিটি গঠিত হয়। কমিটি দুটির প্রথম যৌথ সভা কমিটির আহ্বায়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

কমিটির সদস্য দর্শন বিভাগের চেয়ারম্যান মো. নূরুজ্জামান, নৈতিক উন্নয়ন কেন্দ্রের পরিচালক অধ্যাপক আ খ ম ইউনুস, দর্শন বিভাগের অধ্যাপক ড. শাহ্ কাওসার মুস্তাফা আবুলউল্লাহী, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের অধ্যাপক ড. শাকিলা ইয়াসমিন, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. খোরশেদ আলম এবং গ্রাফিক ডিজাইন বিভাগের প্রভাষক মীর মুহাম্মদ আব্দুল্লাহ আল মামুন আলী সভায় উপস্থিত ছিলেন।

সভায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে সকল বিভাগ ও ইনস্টিটিউটে ১ম বর্ষ আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য 'নৈতিকতা ও মানবিক মূল্যবোধ শিক্ষা' বিষয়ক একটি কোর্স চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

একই শিক্ষাবর্ষ থেকে সকল বিভাগ ও ইনস্টিটিউটের বর্তমান শিক্ষার্থীদের জন্য মাস্টার্স পর্যায়ে দু'দিন ব্যাপী 'নৈতিকতা ও মানবিক মূল্যবোধ শিক্ষা' বিষয়ক কর্মশালা আয়োজনের বিষয়ে সভায় বিভিন্ন কর্মপরিকল্পনা গৃহীত হয়।